

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৪৩৬৭

খোয়াই, ২৮ ডিসেম্বর, ২০২৩

খোয়াই জেলাভিত্তিক প্রাণীসম্পদ বিকাশ দপ্তরের পর্যালোচনা সভা

সঠিক পরিকল্পনা গ্রহণের মধ্যদিয়ে সরকারি বিভিন্ন প্রকল্পের কাজ সময়ের মধ্যে সততা ও নিষ্ঠার সাথে সম্পন্ন করতে হবে। গতকাল খোয়াই জেলা শাসক কার্যালয়ের মিলনায়তনে জেলাভিত্তিক প্রাণীসম্পদ বিকাশ ও মৎস্য দপ্তরের এক পর্যালোচনা সভায় প্রাণীসম্পদ বিকাশ দপ্তরের মন্ত্রী সুধাংশু দাস এই আহ্বান জানান। তিনি বলেন, বর্তমান সরকার উন্নয়নমূলক কাজ দ্রুত বাস্তবায়নের মধ্যদিয়ে রাজ্যের সার্বিক বিকাশে প্রথম থেকে গুরুত্ব দিয়ে আসছে।

পর্যালোচনা সভায় জেলা মৎস্য আধিকারিক জানান চলতি অর্থবর্ষে মুখ্যমন্ত্রী মৎস্য বিকাশ যোজনায় ২,৯৯২টি পরিবারকে সহায়তা করা হয়েছে। আরও ৩০০টি পরিবারকে এই প্রকল্পের আওতায় আনা হবে। এক্ষেত্রে প্রত্যেক সুবিধাভোগী পরিবারকে ৫০০টি করে মিশ্র প্রজাতির মাছের পোনা প্রদান করা হয়েছে। জেলার ৫০ জন মৎস্য বিক্রেতার প্রত্যেককে তাদের সামগ্রী পচনের হাত থেকে রক্ষা করার জন্য একটি করে আইস বক্স দেওয়া হয়েছে। প্রধানমন্ত্রী মৎস্য সম্পদ যোজনায় ২৯ জন মৎস্যচাষীকে পুকুর খনন করে দেওয়া হয়। জেলার ৯১৭ জন মৎস্যচাষীকে বীমার আওতায় আনা হয়েছে। ১০৮ জনকে কনি জাল দেওয়া হয়েছে। প্রাণীসম্পদ বিকাশ দপ্তরের আধিকারিক জানান, ৪১৫টি প্রাণীপালক পরিবারকে বকনা বাছুরের জন্য ভর্তুকিতে প্রাণী খাদ্য, ১০ জন সুবিধাভোগীকে মিনি হ্যাচারি মেশিন প্রদান করা হয়েছে। জেলার কুকি বস্তি ও চানলং পাড়া বায়ো ভিলেজের ৯৫ জন সুবিধাভোগীকে ২টি করে শূকর, ২৭ জন সুবিধাভোগীকে ১০টি করে হাঁস, ৪৪ জন সুবিধাভোগীকে ১০টি করে মোরগ প্রদান করা হয়েছে। এদিনের সভায় তপশিলি জাতি কল্যাণ দপ্তরের বিভিন্ন উন্নয়নমূলক কাজের বাস্তবায়ন ও পরিকল্পনা নিয়ে বিস্তারিত আলোচনা করেন আধিকারিকগণ। সভায় উপস্থিত ছিলেন খোয়াই জিলা পরিষদের সভাপতি জয়দেব দেববর্মা, সহকারি সভাপতি হরিশংকর পাল, বিধায়ক পিনাকী দাস চৌধুরি, বিধায়ক নির্মল বিশ্বাস, বিধায়ক রনজিৎ দেববর্মা, তেলিয়ামুড়া পুর পরিষদের চেয়ারপার্সন রূপক সরকার, খোয়াই পুর পরিষদের চেয়ারপার্সন দেবাশিস নাথ শর্মা প্রমুখ।
